



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং- ১৪.৩২.০০০০.০০৮.৩৬.০০২.১৫-০.১৬৮৩

তারিখঃ ১৮-১০-২০১৫


বিষয়ঃ আইএসপি কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে জরুরী নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, Internet Service Provider (ISP) লাইসেন্সের শর্তানুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার বাধ্যবাধকতা রয়েছে। তবে লক্ষ্য করা যাচ্ছে কিছু কিছু ISP প্রতিষ্ঠান তা যথাযথভাবে প্রতিপালন করছে না, যা দুঃখজনক। এ প্রেক্ষিতে সকল ধরনের ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি) দের সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত নির্দেশনা পুনরায় অবগত করা হলো;

- (১) Nationwide, Central zone এবং Zonal ISP- সমূহ কেবলমাত্র International Internet Gateway (IIG) হতে সংযোগ গ্রহণ করবে। শুধুমাত্র যে সকল স্থানে IIG`র স্থাপনা/ POP নেই, কেবলমাত্র এসকল স্থানে কমিশনের পূর্বানুমতি গ্রহণ পূর্বক ISP সমূহ অন্য যেকোন Nationwide ISP হতে সংযোগ গ্রহণ করতে পারবে।
- (২) ক্যাটাগরি-এ/বি/সি –আইএসপি কেবলমাত্র ন্যাশনওয়াইড/সেন্ট্রাল জোন/জোনাল আইএসপি হতে সংযোগ গ্রহণ করতে পারবে।
- (৩) ক্যাটাগরি এ/বি/সি –আইএসপি কোনভাবেই IIG হতে সরাসরি সংযোগ গ্রহণ করতে পারবে না।
- (৪) লাইসেন্সবিহীন কোন লোকাল আইএসপি বা ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে কোনভাবেই ব্যান্ডউইডথ বা সংযোগ প্রদান করা যাবে না।
- (৫) লাইসেন্সধারীদের (ক্যাটাগরি এ/বি/সি) সংযোগ প্রদানের পূর্বে অবশ্যই লাইসেন্সের অনুমোদন, মেয়াদ ও স্থান পরীক্ষা করে প্রদান করতে হবে।
- (৬) আইএসপি মাসিক প্রতিবেদন সংযুক্ত (ক এবং খ) ফরম্যাট অনুযায়ী দাখিল করতে হবে।
- (৭) সকল ধরনের আইএসপি প্রতিষ্ঠানকে মাসিক প্রতিবেদন প্রতিমাসের ০৭ (সাত) তারিখের মধ্যে সফট কপি নির্ধারিত Excel Format এ (isp@btrc.gov.bd) –তে এবং হার্ড কপি বিটিআরসি`তে দাখিল করতে হবে।
- (৮) সকল ধরনের আইএসপিসমূহ নিজস্ব মনিটরিং ব্যবস্থা জোরদার করে,নেটওয়ার্কের অবৈধ ব্যবহার প্রতিরোধ নিশ্চিত করবে।

এমতাবস্থায়, সকল লাইসেন্সধারী প্রতিষ্ঠানদের উল্লিখিত নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে বলা হলো, অন্যথায় কমিশন কঠোর ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।


১৮/১০/২০১৫

(মোঃ নাহিদুল হাসান)

সিনিয়র সহকারী পরিচালক

ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস বিভাগ

ই-মেইলঃ nahid@btrc.gov.bd

☎ ৯৬১১১১ (বর্ধিতঃ ৬৪৫)

প্রাপকঃ

১. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল আইএসপি অপারেটর।
২. সভাপতি, সাইবার ক্যাফে ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (সিসিওএবি), ৭-৩২/এ ইস্টার্ন প্লাজা, হাতিরপুল, ঢাকা-১২০৫।
৩. প্রেসিডেন্ট, আই.এস.পি এসোসিয়েশন অফ বাংলাদেশ (ISPAB), ফ্লট # সি১, হাউস # ৩/এ, রোড # ৯৬, গুলশান-২, ঢাকা-১২১২।
৪. সভাপতি, IIG Association of Bangladesh (IIGAB), Space Chalet, House-3/A, Flat-C1, Road-96, Gulshan-2, Dhaka-1212

অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্তি সচিব, বিটিআরসি।
- ২। ভাইস চেয়ারম্যান/কমিশনারের মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি।
- ৩। মহা-পরিচালক (এলএল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি।
- ৪। অফিস কপি।